10/23

Presented by
Sri Birendra ch. Datta
(Calcutta)



রবীন্দ্র-রচনাবলী

সূচী

রবীন্দ্র-রচনাবলী

প্রথম ছত্র ও শিরোনাম সূচী



বিশ্বভারতী

৫ দ্বারকানাথ ঠাকুর লেন। কলিকাতা

প্রকাশ বৈশাখ ১৩৭৩ : ১৮৮৮ শক

মূল্য : কাগজের-মলাট চার টাকা
রেক্সিনে-বাঁধাই ছয় টাকা

প্রকাশক বিশ্বভারতী
গ্রন্থনবিভাগ : ৫ দ্বারকানাথ ঠাকুর লেন। কলিকাতা ৭

মুদ্রক শ্রীপ্রভাতচন্দ্র রায়
শ্রীগৌরাঙ্গ প্রেস প্রাইভেট লিমিটেড : ৫ চিন্তামণি দাস লেন। কলিকাতা ৯

৬১

বিজ্ঞপ্তি

রবীন্দ্র-রচনাবলীর একখানি পূর্ণাঙ্গ সূচীর প্রয়োজন বহু দিন হইতে ছিল। রচনাবলীর সপ্তবিংশ খণ্ড প্রকাশের পর এই কার্যে হস্তক্ষেপ করা সম্ভব হয়।

বর্তমান সূচী-খণ্ডে রবীন্দ্র-রচনাবলীর সাতাশটি এবং অচলিত দুটি খণ্ডের অন্তর্গত সকল পূর্ণাঙ্গ রবীন্দ্র-রচনার সূচী বর্ণানুক্রমে দেওয়া হইল।

এই সূচী দুই ভাগে বিভক্ত। প্রথম বিভাগটি প্রথম ছত্রের সূচী : ইহাতে রচনাবলীর অন্তর্গত পূর্ণাঙ্গ কবিতা বা গানের প্রথম ছত্র, উক্ত রচনার শিরোনাম, রচনাটি কোন্ গ্রন্থে এবং রচনাবলীর কোন্ খণ্ডে কত পৃষ্ঠায় মুদ্রিত তাহার নির্দেশ আছে। দ্বিতীয় বিভাগটি শিরোনাম-সূচী : রবীন্দ্র-রচনাবলীর অন্তর্গত কবিতা গান গল্প প্রবন্ধ প্রভৃতি যাবতীয় রচনার শিরোনাম অনুযায়ী সূচী ইহাতে সংকলিত।

সূচীগুলি যথাসম্ভব বর্ণানুক্রমে সাজানো হইয়াছে।

বাংলা উচ্চারণে কোনো পার্থক্য না থাকায় বর্গীয় ও অন্তঃস্থ ব একসঙ্গে দেওয়া হইয়াছে। কিন্তু ব-ফলার উচ্চারণ b-এর তুল্য হইলে ফ ও ভ-এর মধ্যে দেওয়া হইয়াছে। যথা—'সম্বরণ' বা 'সম্বন্ধে কার' 'সম্পূর্ণ'-র পরে বসিয়াছে (পৃ ২২৬)। কিন্তু যে ব-ফলা ম বা দ্বিরুক্ত বর্ণের তুল্য, তাহা ল-এর পর আছে। যথা—'শ্বশুরবাড়ির গ্রাম' 'শ্লথপ্রাণ দুর্বলের স্পর্ধা' -র পরে বসিয়াছে (পৃ ১২৯)।

তা ছাড়া ড়=ড, ঢ়=ঢ, য়=য এই সাধারণ নিয়ম মানা হইয়াছে।

গ্রন্থ-মধ্যে যে বানানই থাক্, প্রথম ছত্রের সূচীতে 'ঐ' বর্ণটি 'ওই' বানানে তদুপযুক্ত স্থানে বসানো হইয়াছে। যথা—'ওই তোমার ঐ বাঁশিখানি' (পৃ ৩৩)। শিরোনাম-সূচীতে অবশ্য 'ঐ' বর্ণটিকেই রাখিতে হইয়াছে। যথা—'ঐতিহাসিক উপন্যাস', 'ঐশ্বর্য' (পৃ ১৬০)।

বর্ণানুক্রমে সাজানো হইলেও সমাসবদ্ধ পদগুলিকে মূল পদের পরে বসানো হইয়াছে। যথা—'আকাশতলে উঠল ফুটে', 'আকাশ, তোমার সহাস উদার দৃষ্টি' বা 'আকাশের দূরত্ব যে চোখে' -র পরে বসিয়াছে (পৃ ৬)।

অনুরূপ, একটি পদকে স্বতন্ত্রভাবে ধরিয়া প্রত্যয়যুক্ত পদ হইতে আলাদা করিয়া সাজানো হইয়াছে। অর্থাৎ 'কাল রাতে দেখিনু স্বপন', 'কাল রাত্রে বাদলের দানোয়-পাওয়া' প্রভৃতি 'কালকে রাতে মেঘের গরজনে'-র পূর্বে বসিয়াছে (পৃ ৪২)।

রবীন্দ্র-রচনায় 'কি' এবং 'কী' স্বতন্ত্র মর্যাদা পাওয়ায় গ্রন্থমধ্যে যেখানে যে বানান আছে তদনুসারে তাহা সূচীভুক্ত হইয়াছে।

প্রথম ছত্রের সূচী বলা হইলেও সকল ক্ষেত্রে প্রথম ছত্রই দেওয়া হয় নাই।

অর্থবোধের সুবিধার জন্য কোথাও দ্বিতীয় ছত্র বা ছত্রাংশও রাখা হইয়াছে; স্থান-সংকুলানের অনুরোধে কোথাও-বা-প্রথম ছত্রের শেষাংশ বর্জিত হইয়াছে।

যে-সকল কবিতা বা গান একাধিক গ্রন্থে মুদ্রিত সেগুলির উল্লেখে প্রথম ছত্রের পুনরাবৃত্তি না করিয়া ফাঁক রাখা হইয়াছে। দ্র 'অলকে কুসুম না দিয়ো' (পৃ ৪), 'আজ তোমারে দেখতে এলেম' (পৃ ৭), 'বসন্তপ্রভাতে এক মালতীর ফুল' (পৃ ৯৭)।

শিরোনামহীন রচনার ক্ষেত্রে '-' চিহ্ন আছে।

একই কবিতা বা গান একাধিক গ্রন্থে আছে— কোথাও শিরোনাম নাই, সে ক্ষেত্রে প্রথমটিতে '-' চিহ্ন দিয়া পরে ফাঁক রাখা হইয়াছে। দ্র 'কোথা বাইরে দূরে যায় রে উড়ে' (পৃ ৪৭), 'আজ তোমারে দেখতে এলেম' (পৃ ৭)।

যে ক্ষেত্রে প্রথমটির শিরোনাম আছে অন্যগুলিতে নাই, সেখানে শিরোনামের জায়গায় পূর্বের মতো '-' চিহ্ন ব্যবহৃত। দ্র 'কত ধৈর্য ধরি' (পৃ ৩৯)— 'প্রণতি' শিরোনামে মহুয়ায় মুদ্রিত, কিন্তু শেষের কবিতায় উহার কোনো শিরোনাম নাই।

প্রথমটিতে শিরোনাম আছে, দ্বিতীয়টিতে শিরোনামের স্থলে '-' চিহ্ন নাই, ফাঁক আছে, সেখানে একই শিরোনাম উভয়স্থলে বর্তমান এইরূপ ধরিয়া লইতে হইবে। দ্র 'বয়স তখন ছিল কাঁচা' (পৃ ৯৬), 'হুংকৃত যুদ্ধের বাদ্য' (পৃ ১৪১)।

এ প্রসঙ্গে উল্লেখযোগ্য 'আকাঙ্ক্ষা' (পৃ ৯), 'আনমনা' (পৃ ১০), 'বর্ষামঙ্গল' (পৃ ৩৩), 'শেষমিনতি' (পৃ ৪৬), 'নূতন কাল' (পৃ ৭৯), 'লক্ষ্যশূন্য' (পৃ ১২২) শিরোনামগুলির নীচেও '-' চিহ্ন বসিবে।

রবীন্দ্রনাথের অনেকগুলি কবিতা বা গানের পূর্বপাঠ তাঁহার পাণ্ডুলিপিতে পাওয়া গিয়াছে। কোনো কোনো কবিতার ভিন্নরূপ বিভিন্ন পত্র-পত্রিকায় মুদ্রিতও হইয়াছে। রবীন্দ্র-রচনাবলীর অন্তর্গত যে-সকল কবিতার বা গানের পাঠান্তর প্রথম ছত্রেই সূচিত হইয়াছে তাহাও এই সূচীতে দেওয়া হইল। সে-সব ক্ষেত্রে প্রথমে কবিতা বা গানের গ্রন্থমধ্যে নিবদ্ধ চলিত রূপ, পরে '০' চিহ্ন দিয়া রূপান্তরিত প্রথম ছত্রটুকু দেওয়া হইয়াছে। বর্ণানুক্রমিক সন্নিবেশ প্রাধান্য পাওয়ায় ভিন্ন-পাঠটিকে কখনো কখনো চলিত পাঠের পূর্বেও বসাইতে হইয়াছে। পাঠান্তরসূচক ছত্রটির পূর্বে সকল ক্ষেত্রেই '০' চিহ্ন আছে। দ্র 'আজি এ নিরালা কুঞ্জে' (পৃ ৮)। মহুয়ার অন্তর্গত 'বরণডালা' কবিতার উক্ত পাঠটিই চলিত। কিন্তু পাণ্ডুলিপিতে প্রাপ্ত ঐ কবিতাটিরই মূল বা স্বতন্ত্র পাঠ 'আজি এই মম সকল ব্যাকুল' 'বরণডালা' শিরোনামেই লিখিত হইয়াছিল। এ ক্ষেত্রে তাই প্রথমে 'আজি এ নিরালা কুঞ্জে' লিখিয়া পরে '০' চিহ্ন সহযোগে 'আজি এই মম সকল ব্যাকুল' ছত্রটি লিখিত হইয়াছে।

বর্ণানুক্রমের অনুরোধে অন্যত্র (পৃ ৯) 'আজি এই মম সকল ব্যাকুল' প্রথমে লিখিয়া পরে '০' চিহ্ন দিয়া 'আজি এ নিরালা কুঞ্জে' চলিত পাঠটি লিখিত হইয়াছে।

কোনো রচনার পৃষ্ঠাঙ্ক-নির্দেশে যোজক বা হাইফেন-সংযুক্ত কয়েকটি অঙ্ক থাকিলে বুঝিতে হইবে যে, একই রচনার অংশগুলি পরপর কয়েকটি পৃষ্ঠায় মুদ্রিত। যথা— 'বিদায় করেছ যারে নয়নজলে' (পৃ ১০১) মায়ার খেলার এই গানটি 'ওই কে আমায় ফিরে ডাকে' গানের সঙ্গে যুক্তভাবে রচনাবলীর প্রথম খণ্ডে ২৫০ হইতে ২৫২ পৃষ্ঠা পর্যন্ত চলিয়া গিয়াছে।

'ছন্দ' 'সে' প্রভৃতি গদ্যরচনার মধ্যেও বহু স্থলে কবি স্বরচিত দ্বিপদী চতুষ্পদী শ্লোক বা অনুরূপ ক্ষুদ্র কবিতা ব্যবহার করিয়াছেন; সেগুলিরও প্রথম ছত্র বর্তমান সূচীপত্রভুক্ত হইল।

অসম্পূর্ণ হইলেও, এলিয়টের একটি কবিতার কবি-কৃত অনুবাদের প্রথম ছত্র 'এ ঘরে ও ঘরে যাবার রাস্তায়' (পৃ ২৪) সূচীপত্রে দেওয়া হইল।

যে-সকল কবিতার কবি-কর্তৃক ইংরাজি তর্জমা রচনাবলীতে পাওয়া গিয়াছে, মূল কবিতার সঙ্গে তাহাও মুদ্রিত হইল। দ্র 'যেদিন উদিলে তুমি, বিশ্বকবি': 'When by the far-away sea.'—পৃ ১২১

শিরোনাম-সূচীর ক্ষেত্রে কেবলমাত্র কবিতা গান গল্প বা প্রবন্ধের শিরোনামই নয়, মূল গ্রন্থ— ক্ষেত্রবিশেষে প্রবন্ধের অধ্যায়গুলিও সূচীর অন্তর্গত হইয়াছে। দ্র 'জীবন-স্মৃতি' (পৃ ১৭৩) এবং তদন্তর্গত অধ্যায় 'কাব্যরচনাচর্চা' (পৃ ১৬২)।

একই শিরোনামে ভিন্ন রচনা ভিন্ন ভিন্ন গ্রন্থে প্রকাশিত হইয়াছে; সে স্থলে শিরোনাম এক হইলেও পুনরাবৃত্তি করিতে হইয়াছে। দ্র 'অন্তর বাহির' (পৃ ১৪৯)। একই শিরোনামে স্বতন্ত্র দুটি প্রবন্ধ স্বতন্ত্র দুটি গ্রন্থে মুদ্রিত।

একই রচনা ভিন্ন ভিন্ন জায়গায় থাকিলে শিরোনাম কেবলমাত্র একবার উল্লেখ করিয়া পরের ছত্রে শিরোনামের জায়গায় ফাঁক রাখা হইয়াছে। দ্র 'বুদ্ধভক্তি' (পৃ ২০৩)।

পাঠান্তরের ক্ষেত্রে নতুন শিরোনাম না থাকিলে প্রথমে শিরোনাম উল্লেখ করিয়া পরের ছত্রে শিরোনামের জায়গায় ফাঁক রাখা হইয়াছে। দ্র 'প্রায়শ্চিত্ত' (পৃ ১৯৩) 'বিমুখতা' (পৃ ২০২)।

অধিকাংশ রচনাবলীর একাধিক মুদ্রণ হইয়াছে। সূচীতে যাহাতে পৃষ্ঠাঙ্কের তারতম্য না ঘটে তাহার জন্য যথাসাধ্য চেষ্টা সত্ত্বেও কয়েকটি খণ্ডের বিভিন্ন মুদ্রণে এই নিয়মের ব্যতিক্রম ঘটিয়াছে। যেমন 'আমার কোথায় সে উষাময়ী প্রতিমা' গানটি (পৃ ১৪) অচলিত সংগ্রহ প্রথম খণ্ডের প্রথম সংস্করণে ৫৩৯ পৃষ্ঠায় আছে, কিন্তু পরবর্তী মুদ্রণে গানটি ৫৪০ পৃষ্ঠায় চলিয়া গিয়াছে।

এই সূচীর প্রাথমিক খসড়া প্রণয়নে শ্রীসতীন্দ্র ভৌমিকের সহায়তা পাওয়া যায়।


পাঠসংকেত :


অ	—	অচলিত-সংগ্রহ রবীন্দ্র-রচনাবলী
উ	—	উৎসর্গ
উপ	—	উপহার
গ্র.প.	—	গ্রন্থপরিচয়
না.গী.	—	নাট্যগীতি
নৃ	—	নৃত্যনাট্য
পরি	—	পরিশিষ্ট
প্র	—	প্রবেশক
ভানু	—	ভানুসিংহ ঠাকুরের পদাবলী
ভূ	—	ভূমিকা
সং	—	সংযোজন

[ ] থাকিলে তাহা অনুমান বুঝিতে হইবে।

বাল্মীকি-প্রতিভার প্রথম সংস্করণ রবীন্দ্র-রচনাবলীর অচলিত সংগ্রহ প্রথম খণ্ডে এবং প্রচলিত সংস্করণ মূল রচনাবলীর প্রথম খণ্ডে মুদ্রিত।


প্রথম ছত্রের সূচী





কবিতা বা গানের প্রথম ছত্র ও শিরোনাম, উক্ত কবিতা বা গান কোন্ গ্রন্থে এবং রবীন্দ্র-রচনাবলীর কোন্ খণ্ডে ও পৃষ্ঠায় মুদ্রিত তাহার নির্দেশ দেওয়া হইল। শিরোনামহীন রচনার ক্ষেত্রে '-' চিহ্ন ব্যবহৃত।

২


LIBRARY
No. ....
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS.

৫

শিরোনাম-সূচী



কবিতা গান নাটক গল্প উপন্যাস প্রবন্ধ প্রভৃতির শিরোনাম— কবিতা বা গানের ক্ষেত্রে শিরোনামের সহিত প্রথম ছত্র— রচনাবলীর কোন্ খণ্ডে ও পৃষ্ঠায় মুদ্রিত, মূল গ্রন্থ উল্লেখপূর্বক তাহার নির্দেশ দেওয়া হইল।

১১

১৫

—

